

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
প্লট নং-০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।
www.dnbc.gov.bd

নথি নং-৫(১৩)৫৭/কাস-বন্ড/লাইসেন্স/টি.জে/২০১২/পার্ট-১/২০২১/৭৬০৪ (১-৪২) তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

বিষয় : ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং- ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ খ্রি. এর বিধি ১২, উপ-বিধি (১), (২) ও (৩) মোতাবেক অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। মেসার্স টি. জে. সোয়েটার্স লিঃ, ঠিকানা: ১৬/৭, সাতাইশ রোড, গাজীপুরা, টংগী, গাজীপুর, বাংলাদেশ (বন্ড লাইসেন্স নং- ১৩৮৫/কাস-এসবিডব্লিউ/২০১২, তারিখ: ২৮/০৩/২০১২ খ্রি., ই-বিন নং- ০০০৮১৯২০৭-০১০২, তারিখ: ২৮/১০/২০১৯ খ্রি.) নামীয় প্রতিষ্ঠানটির কার্যক্রম অব্যাহত বন্ড সুবিধার (Continuous Bond) এর মাধ্যমে পরিচালনার জন্য ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং- ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ খ্রি. এর বিধি ১২, উপ-বিধি (১), (২) ও (৩)) মোতাবেক এ দপ্তরে আবেদন করেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদনের পরিশ্রেক্ষিতে দাখিলকৃত দলিলাদি, ফ্যাক্টরীর স্থাপনা যাচাই করে অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) প্রদানের বিষয়ে মতামত প্রদানের জন্য গঠিত কমিটি কর্তৃক প্রস্তাবিত নতুন ঠিকানা, স্থান ও স্থাপনা সরেজমিনে পরিদর্শন ও দাখিলকৃত দলিলাদি যাচাই করে অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) প্রদানের সুপারিশ করা হয়।
- ০৩। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন ও কমিটির সুপারিশের প্রেক্ষিতে মেসার্স টি. জে. সোয়েটার্স লিঃ, ঠিকানা: ১৬/৭, সাতাইশ রোড, গাজীপুরা, টংগী, গাজীপুর, বাংলাদেশ ঠিকানায় মূল প্রতিষ্ঠানের সাথে সংযুক্তকরণ ও সম্প্রসারণের নিমিত্তে ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ (এস.আর.ও নং- ২০৯-আইন/২০২৪/৬১/কাস্টমস, তারিখ: ২৯.০৫.২০২৪ খ্রি. এর বিধি ১২, উপ-বিধি (১), (২) ও (৩) মোতাবেক নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) প্রদান করা হলো:

ক) একই মালিকানাধীন কারখানার অবস্থান:

১) মূল কারখানার অবস্থান : মেসার্স টি. জে. সোয়েটার্স লিঃ, ঠিকানা: ১৬/৭, সাতাইশ রোড, গাজীপুরা, টংগী, গাজীপুর, বাংলাদেশ।

২) অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) কারখানার অবস্থান:

- (i) মেসার্স টি. জে. সোয়েটার্স লিঃ, ঠিকানা: ১৭/৩ ইন্টারন্যাশনাল মেডিকেল রোড, সাতাইশ রোড গাজীপুরা, টঙ্গী, গাজীপুর, যা মূল কারখানা হতে আনুমানিক ০৪ (চার) কিঃ মিঃ দূরত্বে অবস্থিত যার চৌহদ্দি: উত্তরে : মোঃ ফরহাদ, দক্ষিণে: সিটি কর্পোরেশন রোড, পূর্বে : ইমাইল হোসেন সিরাজী, পশ্চিমে: মনির হোসেন গং।
- (ii) মেসার্স টি. জে. সোয়েটার্স লিঃ, ঠিকানা: ৬২, সাতাইশ রোড, গাজীপুরা, টঙ্গী, গাজীপুর, যা মূল কারখানা হতে আনুমানিক ৩০০ মিটার দূরত্বে অবস্থিত যার চৌহদ্দি: উত্তরে : সিরিয়া হোসেন পাবলিক স্কুল, দক্ষিণে : সিটি কর্পোরেশন রোড, পূর্বে : দেলোয়ার গং এর মার্কেট, পশ্চিমে : ডেন্ট বেকারী নামীয় প্রতিষ্ঠানটি কন্টিনিউয়াস বন্ড অংশ ১ ও অংশ ২ একই বন্ড কমিশনারেট এর আওতায় পরিচালিত হবে;

খ) এই সুবিধা একই মালিকানাধীন শুধুমাত্র আবেদিত ঠিকানায় অবস্থিত প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হবে;

গ) অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) প্রাপ্ত ফ্যাক্টরীটি মূল বন্ড লাইসেন্সের আওতাধীন হলেও সম্পূর্ণ পৃথক প্রতিষ্ঠান/ফ্যাক্টরীতে যেভাবে পৃথক হিসাব খাতা/রেজিস্ট্রার, দলিলাদি সংরক্ষণ ও অন্যান্য প্রযোজ্য আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য যে পদ্ধতি অনুসরণ করতে হয় অব্যাহত বন্ড সুবিধা (Continuous Bond) এর আওতাধীন প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রেও তা একইভাবে আলাদা আলাদা ভাবে সংরক্ষণ করতে হবে এবং পরিপালনীয় হবে;

ঘ) এক বন্ডেড প্রতিষ্ঠান হতে অন্য বন্ডেড প্রতিষ্ঠানে পণ্য আনা নেয়ার ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ২০১২ এবং মূল্য সংযোজন বিধিমালা, ২০১৬ এর বিধান অনুযায়ী “মূসক-৬.৫” চালান ইস্যু করতে হবে;

ঙ) নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা সম্পাদন করতে হবে;

চ) রাজস্বহানি সম্পর্কিত কোন অনিয়ম প্রতিষ্ঠিত হলে Continuous Bond এর সুবিধা বাতিল বলে গণ্য হবে;


ছ) কাস্টমস আইন, ২০২৩ এবং এ সম্পর্কিত বিধি বিধান প্রতিপালন করতে হবে;

জ) রাজস্বহানি সম্ভাবনা হতে পারে এমন কোন অবকাঠামোগত পরিবর্তন করা যাবে না;

ঝ) বন্ডেড পণ্যের নিরাপত্তা নিশ্চিত করতে হবে;

ঞ) কারখানার নতুন মেশিন স্থাপনের পূর্বের বৈদ্যুতিক সংযোগ উক্ত মেশিনারিজের Load বহন করার ক্ষমতা রাখে কিনা তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২


০৭.১০.২৬
নাজমুল হাসান
সহকারী রাজস্ব কর্মকর্তা
কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা



২৫. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।
২৬. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, এয়ার ফ্রেইট ইউনিট, কাস্টম হাউস, ঢাকা।
২৭. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই বিভাগ, হোল্ডিং-১, ব্লক-এ, ওয়ার্ড-৩, লাকুডিয়াপাড়া, ধামরাই, ঢাকা।
২৮. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ, বাড়ী নং-৮, রোড নং-৩১, সেক্টর-৭, উত্তরা, ঢাকা।
- ২৯-৩০. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, ডিইপিজেড (পূর্ব/পশ্চিম), সাভার, ঢাকা/আদমজী ইপিজেড, সিদ্দিরগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ৩১-৩২. ডেপুটি/এ্যাসিস্ট্যান্ট কমিশনার, সিইপিজেড, চট্টগ্রাম/কুমিল্লা ইপিজেড, কুমিল্লা।
৩৩. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (৫ম তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা-১০০০।
৩৪. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাশুপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩৫. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
৩৬. সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, প্রেসক্লাব ভবন (২য় তলা), বিবি রোড, নারায়ণগঞ্জ।
৩৭. সচিব, বাংলাদেশ হোসিয়ারী হাউস, হোসিয়ারী সমিতি, হোসিয়ারী শিল্প নগরী, শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জ।
৩৮. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, কক্ষ নং-২০১, পরিবেশ ভবন, আগারগাঁও, শেরেবাংলা, ঢাকা।
৩৯. ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, ঠিকানা: টঙ্গী শাখা, টঙ্গী, গাজীপুর।
৪০. ব্যবস্থাপক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসি, ঠিকানা: উত্তরা মডেল টাউন শাখা, উত্তরা, ঢাকা।
৪১. এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা। উল্লিখিত তথ্যাদি বন্ড কমিশনারেটের ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।
৪২. পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।




০৭-১০-২৪

নাজমুল হাসান
সহকারী রাজস্ব কর্মকর্তা

কাস্টমস বন্ড কমিশনারেট ঢাকা (উত্তর) ঢাকা

০৮



(মোঃ নাজমুল আহসান)

সহকারী কমিশনার

N